দৈনিক
ইনকিলাব

তারিখ ... 19 2006
পৃষ্ঠা ৩ কলাম ৩

# জবিতে ছাত্রলীগ-ছাত্রদল সংঘর্ষে আহত ১০

## উত্তেজনা : পুলিশ মোতায়েন

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার : গতকাল (বুধবার) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ ও ছাত্রদলের মাঝে ব্যাপক সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে জবি শাখা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ১০ জন নেতা-কর্মী আহত হয়েছে। আহতদের স্থানীয় ক্লিনিকে ভর্তি করা হয়েছে। এ ঘটনাকে কেন্দ্র করে ক্যাম্পাসে ব্যাপক উত্তেজনা বিরাজ করছে। ক্যাম্পাসে ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়েছে।

জানা যায়, গত সোমবার ব্যক্তিগত কোন্দলে জবি শাখা ছাত্রলীগ সহ-সভাপতি ক্যামেল ঢালিকে ছাত্রদলের কর্মীরা ব্যাপক মারধর করে। ঐ ঘটনার প্রতিশোধ নিতে বেলা সাড়ে ১১টার দিকে ছাত্রদল কর্মী ইকবালকে সদরঘাটের গ্রেটওয়াল মার্কেটের কাছে পেয়ে ব্যাপক মারধর করে। এ ঘটনা জানতে পেরে জবি শাখা ছাত্রদল সাধারণ সম্পাদক আনিসুর



*ইনকিলাব : গতকাল জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের উপর ছাত্রদলের হামলার এক পর্যায় জঃ বিঃ শাখা ছাত্রলীগ সভাপতি ও সেক্রেটারিকে পুলিশ আশ্রয়ে নিরাপদ স্থানে নিয়ে যাওয়া হয়*

রহমান তালুকদার খোকন গ্রুপের কর্মীরা ক্ষেপে যায়। দুপুর ১২টার দিকে ছাত্রদলের ৪০ থেকে ৫০ জনের একটি গ্রুপ ক্যাম্পাসে গিয়ে ছাত্রলীগের ওপর অতর্কিত হামলা চালায়। এতে ছাত্রলীগ জবি শাখা সভাপতি কামরুল হাসান রিপন, সাধারণ সম্পাদক গাজী আবু সাঈদ, আরিফ, শাওন, জাকির, আবিরসহ ১০ জন নেতা-কর্মী আহত হয়। একপর্যায় ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক ভিসির কার্যালয়ে গিয়ে আশ্রয় গ্রহণ করলে সেখানে গিয়েও হামলা করতে চাইলে দরজা আটকিয়ে আত্মরক্ষা করে। ছাত্রলীগের অধিকাংশ নেতা-কর্মীরা মনে করেন তত্ত্বাবধায়ক সরকারের আমলে ক্যাম্পাস তাদের দখলে রাখার জন্যই এ পরিকল্পিত হামলা করেছে। তবে জবি শাখা ছাত্রদল সাধারণ সম্পাদক আনিসুর রহমান তালুকদার খোকন ইনকিলাবকে বলেন, ছাত্রলীগ প্রথমে আমার গ্রুপের কর্মীদের ওপর হামলা চালালে তারাও প্রতিরোধ করে। তিনি আরো বলেন; ছাত্রলীগ যদি অতিরিক্ত কিছু করার চেষ্টা করে তবে ভবিষ্যতেও তাদের ছেড়ে দেয়া হবে না।